ISO 9001:2015 Certified

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১

মুক্তাগাছা, ময়মনসিংহ।

E-mail: gmmpbs1@gmail.com, Web: www. pbs1.mymensingh.gov.bd

স্মারক নং-২৭.১২.৬১৬৫.৫১৭.০১.০০৮.২৪. ৯৪৭৭

তারিখ: ০৬ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ
২২ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: নিলাম দরপত্র আহ্বান প্রসংগে।

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিলামে বিক্রয় যোগ্য নিম্নেবর্নিত মালামাল (যেখানে যে অবস্থায় আছে এর ভিত্তিতে) নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্নিত শর্তসাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামাল/আইটেম সমূহের বিবরন	পরিমান (কেজি/টি)	উদ্ধৃত একক মূল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)	নিলাম দরপত্র গ্রহন ও খোলার সময়সূচী	
					গ্রহন	খোলা
০১	প্যাকেজিং কাঠ (ভালো/নষ্ট) (আনুমানিক)	৪০০০ কেজি			৩০/১০/২০২৪ খ্রি. বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত	৩০/১০/২০২৪ খ্রি.বেলা ১১.০৫ ঘটিকায়।
০২	প্লাস্টিক ববিন (ভালো/নষ্ট)	২০০ টি				
০৩	নষ্ট স্টিলপাতি/থিনারের টিনের কৌটা (ভালো/নষ্ট)	২০০ কেজি				
০৪	তেলের খালি ড্রাম (ভালো/নষ্ট)	১৪০টি				
	সর্বমোট =					

কথায়ঃ---।

শর্তাবলীঃ

০১। আগ্রহী দরদাতাগণ নির্ধারিত সময়ের মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র অত্র সমিতির জেনারেল ম্যানেজার বরাবর সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কে. অ.) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ৯ম তলা, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় (২) ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, মুক্তাগাছা, ময়মনসিংহ এ রক্ষিত টেন্ডার বাক্সে জমা প্রদান করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।

০২। নিলাম দরপত্র ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, মুক্তাগাছা, ময়মনসিংহ এ উপস্থিত দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩। উপরিউক্ত ছকে ক্রমিক নং এ উল্লিখিত সকল আইটেমের দরই একত্রিতভাবে উল্লেখ/দাখিল করতে হবে। যে কোন একটি আইটেমের দর বা আংশিক দর গ্রহণযোগ্য হবে না।

০৪। নিলামে উদ্ধৃত দরের ২৫% হারে নিরাপত্তা জামানত হিসাবে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকুলে যেকোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে (যা বিক্রয়াদেশ না হলে ফেরতযোগ্য)। নিরাপত্তা জামানত ব্যতীত কোন দরপত্র গ্রহন/বিবেচনা করা হইবে না। সর্বোচ্চ দরদাতার দরই গ্রহনযোগ্য হবে।

০৫। কৃতকার্য নিলাম দরদাতাকে কার্যাদেশ সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে পরিশোধ করে মালামাল গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।

০৬। ময়মনসিংহ পবিস-১ কর্তৃক ধার্যকৃত/অনুমোদিত প্রাক্কলিত দরের নীচে কোন দরপত্র বিবেচনা করা হবে না। খামের উপর মালামালের নাম এবং দরদাতার পূর্ণ ঠিকানা লিখতে হবে।

G:\Monti\RFQ\সিডিউল\নিলাম বিজ্ঞপ্তি (খড়ির).docx

০৭। কৃতকার্য সর্বোচ্চ দরদরতাকে সর্বশেষ সরকারী নিয়মানুযায়ী উদ্ধৃত মূল্যের উৎস কর এবং ভ্যাটসহ সমুদয় মূল্য পরিশোধ সাপেক্ষে নিজ ব্যয়ে মালামাল গ্রহণ করতে হবে। জমাকৃত অর্থ কেবল নগদায়ন সাপেক্ষেই পরবর্তিতে মালামাল প্রদান করা হবে।

০৮। বর্নিত মালামাল সমুহ আগামী ২৩/১০/২০২৪ খ্রিঃ হতে ২৯/১০/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত প্রতিদিন (ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, মুক্তাগাছা, ময়মনসিংহ হতে পরিদর্শন করা যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।

০৯। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১০। সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারন দর্শানো ছাড়াই যে কোন/সকল দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করবেন।

২২/১০/২৪

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য আপনার দপ্তরের নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৪। পুলিশ সুপার, ময়মনসিংহ।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, ময়মনসিংহ।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----------------পবিস-১/২/৩/৪।
০৭। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবোর্ড, ময়মনসিংহ (দক্ষিণ)।
০৮। মেয়র, পৌরসভা মুক্তাগাছা/ফুলবাড়ীয়া/মধুপুর/গোপালপুর/ঘাটাইল/ময়মনসিংহ/টাঙ্গাইল।
০৯। ডিজিএম, (সদর-কারিগরী/মধুপুর/ফুলবাড়ীয়া/গোপালপুর/ঘাটাইল/ধনবাড়ী জোনাল অফিস), মপবিস-১
১০। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম/সঃসেবা/ইএন্ডসি/এইচআর/আইটি/ওএন্ডএম,কালীবাড়ী/আছিম/ভুঞ্চাপুর সাঃজোঃঅঃ),মপবিস-১।
১১। মেসার্স..।
১২। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১) : ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১৩। নোটিশ বোর্ড, মপবিস-১/ওয়েবসাইট Web: www.pbs1.mymensingh.gov.bd
১৪। অফিস/মাষ্টার কপি।

২২/১০/২৪

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার

G:\Monti\RFQ\সিডিউল\নিলাম বিজ্ঞপ্তি (খড়ির).docx

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি -১

মুক্তাগাছা, ময়মনসিংহ

ISO 9001:2015 Certified

ISO 9001:2015 Certified

ষ্টোরে রক্ষিত অব্যবহারযোগ্য প্যাকেজিং কাঠ, প্লাস্টিক ববিন, নষ্ট স্টীল পাতি ও থিনারের টিনের কৌটা এবং তেলের খালি ড্রাম নিলামে বিক্রয়ের দরপত্র দলিল

দরপত্র আহবানের স্মারক নং ও তারিখ: ২৭.১২.৬১৬৫.৫১৭.০১.০০৮.২৪. ৯৪১৭ তারিখ: ২২/১০/২০২৪ খ্রি.

ইস্যুকারী প্রতিষ্ঠানের নাম : ....

ঠিকানা : ....

....

....

অফিসিয়াল রশিদ নং : ....

টাকার পরিমাণ : ....

তারিখ :

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১

মুক্তাগাছা, ময়মনসিংহ।

দরপত্রের সহিত সংযুক্ত দরপত্র জামানত এর বিবরণ

পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত

জামানতের পরিমানঃ------------------------------------ কথায়ঃ----------------------------

নম্বরঃ-- তারিখঃ----------------------------

ব্যাংকের নাম/শাখার নাম/ঠিকানাঃ--

দরদাতার স্বাক্ষর

নিলাম দরদাতার প্রতি নির্দেশাবলী

১। **নিলাম দরপত্র দলিল**

নিলামে বিক্রয়তব্য মালামাল, দরপত্র পদ্ধতি এবং চুক্তির শর্তাবলী এই দরপত্র দলিলে বর্ণনা করা হইয়াছে। নিলাম দরপত্র বিজ্ঞপ্তি ছাড়াও এই দরপত্র দলিলের অন্তর্ভূক্ত হইবে নিয়োক্ত অংশগুলিঃ

(ক) নিলাম দরদাতার প্রতি নির্দেশাবলী
(খ) নিলামে বিক্রয়যোগ্য মালামালের বিবরণ
(গ) নিলাম দরপত্র ফরম
(ঘ) মূল্য তালিকা
(ঙ) কার্যাদেশ প্রাপ্তির পর মালামাল গ্রহনের সময়সীমা তালিকা

২। **নিলাম দরপত্র দলিল স্পষ্টায়ন**

দরপত্র দলিলের কোন বিধান সম্ভাব্য দরদাতাদের কাছে অস্পষ্ট প্রতীয়মান হলে তা স্পষ্টায়নের জন্য বিক্রেতার ঠিকানায় লিখিত ভাবে অনুরোধ জানানো যেতে পারে। তবে ঐ অনুরোধ অবশ্যই দরপত্র দাখিলের সর্বশেষ তারিখের কমপক্ষে ৭(সাত) দিন পূর্বে বিক্রেতার নিকট পৌঁছাইতে হইবে। বিক্রেতা লিখিত ভাবে সম্ভাব্য দরদাতার অনুরোধ অনুযায়ী সংশ্লিষ্ট বিষয় স্পষ্টায়ন করবেন।

৩। **নিলাম দরপত্র দলিলের সংশোধন**

দরপত্র দাখিলের সর্বশেষ সময়ের পূর্বে যে কোন সময় বিক্রেতা তার নিজ উদ্যোগে অথবা সম্ভাব্য দরদাতার অনুরোধে দরপত্র দলিলের যে কোন বিধান সংশোধন করতে পারেন। তবে যে সকল সম্ভাব্য নিলাম দরদাতা ঐ সময়ে দরপত্র দলিল সংগ্রহ করিয়াছেন তাহাদেরকে লিখিতভাবে উক্ত সংশোধন জানানো হইবে এবং তাহা অনুসরণ করা দরদাতাদের জন্য বাধ্যতামূলক হইবে।

৪। **মালামাল পরিদর্শন**

আগামী ২৯/১০/২০২৪ তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে উল্লেখিত কনডেম ঘোষিত মালামালগুলি ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওএন্ডএম স্টোর, মুক্তাগাছা,ময়মনসিংহ -এ পরিদর্শন করা যাইবে।

নিলাম দরপত্র তৈরী

৫। **যে সকল দলিল দ্বারা দরপত্র তৈরী হইবে**

দরদাতা কর্তৃক দাখিলতব্য দরপত্র অবশ্যই নিয়োক্ত দলিলসমূহ লইয়া তৈরী হইবেঃ
(ক) পূরণকৃত নিলাম দরপত্র ফরম (পরিশিষ্ট-ক) ও মূল্য তালিকা (পরিশিষ্ট-খ)।
(খ) পূরণকৃত মালামাল গ্রহনের সময়সীমা তালিকা (পরিশিষ্ট- গ)।
(গ) দরপত্র জামানতের বিবরণ (পরিশিষ্ট-ঘ)।
(গ) নিলাম দরপত্র দলিল ক্রয়ের রশিদ।

৬। **দরদাতার যোগ্যতা**

যেকোন আগ্রহী দরদাতা উক্ত নিলাম দরপত্রে অংশগ্রহন করিতে পারিবেন। উল্লেখ্য যে, পবিস কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন প্রাক্কলিত দরের চাইতে নিম্ন দর গ্রহনযোগ্য হইবে না।

৭।	**নিলাম দরপত্র জামানত**	দরপত্র দলিলের মূল্য তালিকা (পরিশিষ্ট-খ) তে বর্ণিত মালামালের জন্য নিলামে উল্লেখিত দরের ২৫% হারে নিরাপত্তা জামানত হিসাবে দরপত্রের সহিত দরদাতাকে দাখিল করিতে হইবে। উক্ত নিরাপত্তা জামানত বাংলাদেশী যে কোন তফসীলি ব্যাংক হইতে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকুলে পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে প্রদান করা যাইবে। কোন দরপত্রের সাথে প্রয়োজনীয় অংকের নিরাপত্তা জামানত দাখিল না করিলে উক্ত দরপত্র নন-রেসপনসিভ হিসাবে বিবেচিত হইবে। অনুত্তীর্ণ দরদাতাদের নিরাপত্তা জামানত যথাশীঘ্র সম্ভব ফেরৎ প্রদান করা হইবে। তবে কোন অবস্থায় দরপত্রের মেয়াদ উত্তীর্ণ হওয়ার ৩০ দিনের অতিরিক্ত অতিক্রান্ত হইবে না। নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত হইয়া যাইবে যদি- ক) দরপত্রের মেয়াদ বহাল থাকা অবস্থায় কোন দরদাতা তাহার দরপত্র প্রত্যাহার করেন; অথবা খ) ১৪ ধারা অনুযায়ী উদ্ধৃত দরের কোন সংশোধন গ্রহনে দরদাতা অস্বীকৃতি জানান; গ) কৃতকার্য দরদাতার নিরাপত্তা জামানত মালামাল গ্রহনের সময় পরিশোধযোগ্য মোট মূল্যের সহিত সমন্বয় করা হইবে।
৮।	**নিলাম দরপত্রের মেয়াদ**	দরপত্র দাখিলের তারিখ হইতে ৯০ (নব্বই) দিন পর্যন্ত দরপত্রের মেয়াদ বহাল থাকিতে হইবে। দরপত্রের মেয়াদ ৯০ (নব্বই) দিন এর কম সময়ের জন্য হইলে দরপত্র নন-রেসপনসিভ বিবেচনা করিয়া বাতিল করা হইবে। বিশেষ এবং ব্যতিক্রমী পরিস্থিতিতে বিক্রেতা দরদাতাকে দরপত্রের মেয়াদ বাড়ানোর অনুরোধ জানাইতে পারেন। এই অনুরোধ এবং এর প্রতি দরদাতার সাড়া অবশ্যই লিখিত ভাবে হইতে হইবে। তবে দরদাতা দরপত্রের মেয়াদ বাড়ানোর অনুরোধ প্রত্যাখ্যান করিতে পারেন। সেক্ষেত্রে দরদাতার দরপত্র জামানত বাজেয়াপ্ত হইবে না ।
৯।	**নিলাম দরপত্র স্বাক্ষর**	দরপত্রের প্রত্যেক পৃষ্ঠায় দরদাতা অথবা তাহার উপযুক্ত প্রতিনিধির স্বাক্ষর ও সীল থাকিতে হইবে। দরপত্রে কোনরূপ কাটাকাটি, ঘষামাজা করা হইলে তাহা দরপত্র স্বাক্ষরকারী কর্তৃক অনুস্বাক্ষরিত হইতে হইবে।

<u>নিলাম দরপত্র দাখিল</u>

১০।	**নিলাম দরপত্র বন্ধকরণ ও চিহ্নিতকরণ**	দরদাতা দরপত্র একটি খামে বন্ধ করিবেন এবং খামের উপরে নিলাম দরপত্র লিখিয়া চিহ্নিত করিবেন। খামে ক্রেতার ঠিকানা লিখিতে হইবে এবং খামের উপরে দরপত্র দাখিলের সর্বশেষ সময়সীমার (৩০/১০/২০২৪ তারিখ সকাল ১১:০৫ ঘটিকা) পূর্বে "খোলা যাইবে না" মর্মে লিখিতে হইবে ।

১১। **নিলাম দরপত্র দাখিলের সময়সীমা** দরপত্র অবশ্যই ৩০/১০/২০২৪ তারিখ বেলা ১১:০০ ঘটিকার সময় বা তাহার পূর্বে বিক্রেতা বা তাহার প্রতিনিধি কর্তৃক গৃহীত হইতে হইবে। বিক্রেতা প্রয়োজন মনে করিলে দরপত্র দলিলের সকল শর্ত অপরিবর্তিত রাখিয়া দরপত্র গ্রহনের সময়সীমা বৃদ্ধি করিতে পারেন।

১২। **দেরীতে আনীত নিলাম দরপত্র** বিক্রেতা কর্তৃক নির্ধারিত সময়সীমার পরে আনীত সকল দরপত্র বাতিল করা হইবে এবং বন্ধ অবস্থায় দরদাতাকে ফেরৎ প্রদান করা হইবে।

বিক্রেতা কর্তৃক দরপত্র খোলা ও মূল্যায়ন

১৩। **বিক্রেতা কর্তৃক নিলাম দরপত্র খোলা** নির্ধারিত তারিখ ও সময়ে দরদাতাগণের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) বিক্রেতা কর্তৃক দরপত্র সমূহ খোলা হইবে। দরদাতাগণের প্রতিনিধিগণ উপস্থিত থাকিলে অবশ্যই তাহারা উপস্থিতি তালিকায় স্বাক্ষর করিবেন। দরপত্র খোলার সময় বিক্রেতা দরদাতার নাম, ঠিকানা, উদ্ধৃত মূল্য, ডিসকাউন্ট (যদি থাকে), দরপত্র জামানতের পরিমাণ এবং বিক্রেতার মতে প্রয়োজনীয় অন্যান্য বিষয় ঘোষণা করিবেন এবং লিপিবদ্ধ করিবেন। ১০ অনুচ্ছেদ অনুযায়ী দেরীতে দাখিলকৃত দরপত্র ব্যতীত দরপত্র খোলার সময় অন্য কোন দরপত্র বাতিল ঘোষণা করা যাইবে না।

১৪। **নিলাম দরপত্র স্পষ্টায়ন** দরপত্র মূল্যায়নকালে বিক্রেতা প্রয়োজন মনে করিলে যে কোন দরদাতার নিকট তাহার দরপত্রের উপর ব্যাখ্যা চাহিতে পারেন। তবে এই ধরণের ব্যাখ্যা এবং তার বিপরীতে সাড়া অবশ্যই লিখিতভাবে হইতে হইবে। এ ছাড়াও উদ্ধৃত মূল্যের পরিবর্তন অথবা দরপত্রের মূল বিষয়ের উপর কোন ব্যাখ্যা বিক্রেতা চাহিতে পারিবেন না অথবা দরদাতা প্রস্তাব করিতে পারিবেন না বা প্রস্তাব করার অনুমতি দেওয়া হইবে না।

১৫। **প্রাথমিক যাচাই বাছাই** ১৫.১ বিক্রেতা গৃহীত দরপত্রসমূহ প্রাথমিক যাচাই বাছাইকালে দরপত্র দলিলের শর্তাদি অনুযায়ী দরপত্রসমূহ পূর্ণাঙ্গ কি না, প্রয়োজনীয় ন্যনতম দরপত্র জামানত দাখিল করা হইয়াছে কি না, দরপত্র যথাযথ ভাবে স্বাক্ষরিত কি না, গাণিতিক কোন ভুল আছে কি না ইত্যাদি বিষয়ে নিশ্চিত হইবেন। গাণিতিক কোন ভুল থাকিলে নিম্নোক্ত ভাবে তা সংশোধন করা হইবেঃ

উদ্ধৃত একক মূল্যকে পরিমান দ্বারা গুণ করিয়া প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেই ক্ষেত্রে একক মূল্য বহাল থাকিবে এবং সেই অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হইবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেই ক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকিবে।

১৫.২ দরপত্রে যে কোন ধরণের ছোট খাট ত্রুটি, অনিয়ম বিক্রেতা উপযুক্ত মনে করিলে উপেক্ষা করিতে পারেন যদি এ ধরণের ছোট খাট ত্রুটি/অনিয়ম কোন বড় ধরণের বিচ্যুতি হিসাবে বিবেচিত না হয়। বড় ধরণের বিচ্যুতি বলিতে প্রয়োজনীয় অংকের দরপত্র জামানত দাখিল না করা, দরপত্র ফরম তথা দরপত্রের অন্যান্য প্রয়োজনীয় অংশ দরদাতা কর্তৃক স্বাক্ষরিত না হওয়া, মালামাল সরবরাহ গ্রহনের নির্ধারিত সময়সীমার মধ্যে দরদাতা কর্তৃক মালামাল সরবরাহ গ্রহণের প্রস্তাব না করা ইত্যাদি বুঝাইবে।

১৬।	**নিলাম দরপত্র মূল্যায়ন ও তুলনাকরন**	গৃহীত দরপত্রসমূহ ১৫ অনুচ্ছেদ অনুযায়ী যাচাই বাছাইকালে সর্বোতভাবে বিবেচিত রেসপনসিভ দরপত্রসমূহ বিক্রেতা মূল্যায়ন ও তুলনা করিবেন।

কার্যাদেশ প্রদান

১৭।	**কার্যাদেশ প্রদানের নির্ণায়ক**	১৬ অনুচ্ছেদ সাপেক্ষে, বিক্রেতা সফল দরদাতা অর্থাৎ যাহার দরপত্র সর্বোতভাবে রেসপনসিভ এবং মূল্যায়িত সর্বোচ্চ দরপত্র হিসাবে বিবেচিত হইবে তাহাকে কার্যাদেশ প্রদান করিতে হইবে।
১৮।	**বিক্রেতার যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/ প্রত্যাখান করার অধিকার**	কার্যাদেশ প্রদানের পূর্ব পর্যন্ত বিক্রেতা যে কোন দরপত্র গ্রহন/প্রত্যাখান করা অথবা দরপত্র প্রক্রিয়া বাতিল অথবা সকল দরপত্র প্রত্যাখান করার অধিকার সংরক্ষণ করেন এবং এ কারনে ক্ষতিগ্রস্থ দরদাতা বা দরদাতাগণের নিকট বিক্রেতার কোন দায়বদ্ধতা সৃষ্টি হইবে না।
১৯।	**কার্যাদেশ প্রদান**	দরপত্রের মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বেই বিক্রেতা সফল দরদাতাকে লিখিত ভাবে কার্যাদেশ প্রদান করিবেন। কার্যাদেশ পত্র বিক্রেতার সহিত সফল দরদাতার চুক্তি গঠন করিবে।
২০।	**নিলামকৃত মালামাল গ্রহনের পূর্বে মালামালের মূল্য পরিশোধ করা**	কৃতকার্য নিলাম দরপত্রদাতাকে কার্যাদেশ সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হইতে ১৫ (পনেরো)দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করিয়া মালামালসমূহের ডেলিভারী গ্রহণ করিতে হইবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা প্রদানে ব্যর্থ হইলে জামানতের সমূদয় অর্থ বাজেয়াপ্ত করা হইবে।
২১।	**শুল্ক ও কর পরিশোধ**	মালামাল গ্রহনের পূর্বে গ্রহনকারীকে পরিশোধযোগ্য সকল শুল্ক ও কর পরিশোধ করিতে হইবে।
২২।	**মালামাল গ্রহণে জরিমানা**	যথাসময়ে মালামাল গ্রহন করিতে ব্যর্থ হইলে দরপত্র জামানত বাজেয়াপ্ত করা হইবে।

নিলাম দরপত্র ফরম

জেনারেল ম্যানেজার
ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১
মুক্তাগাছা,ময়মনসিংহ।

প্রিয় মহোদয়,

আমি/আমরা নিম্ন স্বাক্ষরকারীগণ দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) পুঙ্খানুপুঙ্খ যাচাই পূর্বক (সংশোধন সহ) মালামালের বিবরণ মোট......................(...) টাকায় ক্রয় করার প্রস্তাব করিতেছি।

আমার/আমাদের দরপত্র গৃহীত হইলে আমি/আমরা উদ্ধৃত সময়সীমা অর্থাৎ ক্রয়তব্য মালামাল ১৫ দিনের মধ্যে গ্রহণ করিতে বাধ্য থাকিব ।

আমার/আমাদের দরপত্র গৃহীত হইলে দরপত্র দলিলের উল্লেখিত সময়ের জন্য উদ্ধৃত দর বৈধ থাকিবে এবং ঐ সময়ের মধ্যে কার্যাদেশ প্রদান করা হইলে কার্যাদেশ অনুযায়ী মালামাল গ্রহণ করিতে বাধ্য থাকিব ।

আপনার প্রদত্ত কার্যাদেশ ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এবং আমাদের মধ্যে চুক্তি হিসাবে গণ্য হইবে ।

আমি/আমরা জ্ঞাত আছি যে আপনি সর্বোচ্চ দর অথবা যে কোন দরপত্র গ্রহনে বাধ্য নহেন।

দরদাতার স্বাক্ষর

নামঃ...

পদবীঃ..

পূর্ন ঠিকানা / ফোন নং.............................

পরিশিষ্ট-গ

দরদাতা ব্যক্তি/ প্রতিষ্ঠানের নামঃ ....

কনডেম ঘোষিত বিক্রয়যোগ্য মালামাল, পরিমান ও মূল্য তালিকা

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ	একক	উদ্ধৃত মূল্য	
				একক মূল্য	মোট মূল্য
০১	প্যাকেজিং কাঠ (ভালো/নষ্ট) (আনুমানিক)	৪০০০	কেজি		
০২	প্লাস্টিক ববিন (ভালো/নষ্ট)	২০০	টি		
০৩	স্টিলপাতি/থিনারের টিনের কৌটা (ভালো/নষ্ট)	২০০	কেজি		
০৪	তেলের খালি ড্রাম (ভালো/নষ্ট)	১৪০	টি		
				সর্বমোট মূল্য=	

মোট উদ্ধৃত মূল্য = টাকা ....

কথায়ঃ-...

দরদাতার স্বাক্ষর

পরিশিষ্ট-ঘ

দরদাতা ব্যক্তি/ প্রতিষ্ঠানের নামঃ...

নিলামে প্রাপ্ত মালামাল গ্রহণের সময়সীমার তালিকা

মালামালের বিবরণ	পরিমাণ	গ্রহণ এর সময়সীমা	উদ্ধৃত সময়সীমা	যে স্থান হইতে সরবরাহ করা হইবে
১	২	৩	৪	৫
প্যাকেজিং কাঠ (ভালো/নষ্ট) (আনুমানিক)	৪০০০ কেজি	কার্যাদেশ প্রাপ্তির তারিখ হতে ১৫ দিন		ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, সদর দপ্তর , মুক্তাগাছা,ময়মনসিংহ।
প্লাস্টিক ববিন (ভালো/নষ্ট)	২০০ টি			
স্টিলপাতি/থিনারের টিনের কৌটা (ভালো/নষ্ট)	২০০ কেজি			
তেলের খালি ড্রাম (ভালো/নষ্ট)	১৪০ টি			

নোট : উল্লেখ্য যে, ময়মনসিংহ পবিস-১ কর্তৃক ধার্যকৃত সর্বশেষ একক/মোট মূল্যের নিচে দর দাখিল করলে কোনো দরপত্রই গ্রহণযোগ্য হবে না। সর্বোচ্চ দরদাতাই কৃতকার্য হিসেবে বিবেচিত হবে। কার্যাদেশ প্রদানের তারিখে মালামাল গ্রহণের সময়সীমা শুরু হইবার তারিখ হিসাবে গণ্য করা হইবে ।

দরদাতার স্বাক্ষর